



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৫-০৯-২০২০

### সংবাদ বিজ্ঞপ্তি

১)

'বাফুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' আগামী ০৩ অক্টোবর ২০২০ তারিখ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে অদ্য ৫ সেপ্টেম্বর হতে আগামী ৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১১.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত মতিঝিলস্থ বাফুফে ভবনে মনোনয়নপত্র বিক্রয় করা হবে। মনোনয়নপত্র বিক্রয়-এর প্রথম দিন অদ্য ৫ সেপ্টেম্বর ২০২০ তারিখ নিম্নোক্ত পদের বিপরীতে নিম্নোক্তরূপে ফরম বিক্রয় করা হয়ঃ

ক্রমিক	পদের নাম	মনোনয়নপত্র বিক্রয়ের সংখ্যা	মনোনয়নপত্র ক্রয়কারীর নাম
১	সভাপতি		-----
২	সিনিয়র সহ-সভাপতি		-----
৩	সহ-সভাপতি	২ জন	১। জনাব মহিউদ্দিন আহমেদ মহি ২। জনাব তাবিথ আউয়াল
৪	সদস্য	৩ জন	১। জনাব মোঃ আমের খান ২। জনাব মোঃ শাখাওয়াত হোসেন ভূঁইয়া ৩। হাজী মোঃ টিপু সুলতান

২)

বাফুফে সহ-সভাপতি জনাব বাদল রায় কর্তৃক বাফুফে নির্বাচনের তারিখ পেছানো প্রসঙ্গে নির্বাচন কমিশন বরাবর প্রেরিত পত্রের প্রেক্ষিতে নির্বাচন কমিশনের বক্তব্য/অবস্থান নিম্নরূপঃ

ক) করোনায় আক্রান্ত কোনো ব্যক্তি বাফুফের নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না মর্মে কোন সিদ্ধান্ত নির্বাচন কমিশন গ্রহণ করেনি। উপযুক্ত শর্তপূরণ সাপেক্ষে যে কোনো ব্যক্তি প্রার্থী হতে পারেন।

খ) করোনায় আক্রান্ত ব্যক্তি ভোট দিতে পারবেন না মর্মে আলাদা কোনো সিদ্ধান্ত নির্বাচন কমিশন নেয়নি। এটা সরকারের করোনা বিষয়ক নির্দেশাবলীর অনুসরণ মাত্র। যিনি করোনায় আক্রান্ত তিনি বাধ্যতামূলকভাবে আইসোলেশন এ থাকার কথা এবং জনসমক্ষে তিনি আসতে পারেন না সুতরাং ডেলিগেট করোনায় আক্রান্ত হলে তাকে কথঞ্চসে প্রবেশে অনুমতি দেয়ার কোনো সুযোগ নেই, তাতে অন্যান্য কর্মকর্তারা আক্রান্ত হবার আশঙ্কা সৃষ্টি হবে। যেহেতু তিনি করোনার কারণে কথঞ্চসে অংশ নিতে পারছেন না সেহেতু তিনি স্বাভাবিকভাবে ভোট দিতে সক্ষম হবেন না। ডেলিগেটদের সামনে গোপন ব্যালটে ভোট প্রদান করতে হয় বিধায় করণা আক্রান্ত ডেলিগেটের অন্যভাবে ভোট নেয়ার কোন সুযোগ নেই।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।